সাপ্তাহিক পুস্তিকা: ৩৯৬
WEEKLY BOOKLET: 396

ওলামায়ে আহলে সুন্নাতের দৃষ্টিতে আমীরে আহলে সুন্নাত

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَاتَمِ النَّبِيّٖنَ ط
اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ط بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ط

ওলামায়ে আহলে সুন্নাতের দৃষ্টিতে আমীরে আহলে সুন্নাত

খলিফায়ে আমীরে আহলে সুন্নাতের দোয়া: হে আল্লাহ পাক! যে কেউ এই "ওলামায়ে আহলে সুন্নাতের দৃষ্টিতে আমীরে আহলে সুন্নাত" পুস্তিকাটি পড়ে বা শুনে নিবে তাকে তোমার প্রিয় শেষ নবী صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর সুন্নাতের প্রচারকারী প্রিয় সংগঠন দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজে অংশগ্রহণ করার তাওফিক দান কর এবং তার প্রতি সব সময়ের জন্য সন্তুষ্ট হয়ে যাও। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

দরুদ শরীফের ফযিলত

প্রিয় নবী, রাসূলে পাক صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: যে ব্যক্তি "صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد" বললো সে নিজের জন্য রহমতের ৭০টি দরজা খুলে নিল, আল্লাহ পাক তার ভালোবাসা মানুষের অন্তরে প্রবেশ করিয়ে দিবেন, তারা তার প্রতি ঘৃণা না রাখবে না তবে যার অন্তরে মুনাফেকি রয়েছে তার কথা ভিন্ন। **(কাশফুল গুম্মাহ, ১/৩২৭)**

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

মুফতি তো ইলইয়াস কাদেরীর হওয়া উচিত

৭ জমাদিউস সানি ১৪০৩ হিজরি হযরত মাওলানা ক্বারী মুসলিহ উদ্দীন সিদ্দিকি কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ কে দাফন করার পর অনেক লোক মাযার শরীফে ফুল দিতে গিয়ে মজলিস বসিয়েছিল। আমীরে আহলে সুন্নাত দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه ও মাযার শরীফের একদম পাশে দাঁড়িয়ে ছিলেন, সেই সময় করাচির এক মুফতি সাহেব মাযার শরীফের উপরের ফুলগুলোর মধ্যে হতে পাতাসমূহ আলাদা করে করে ফেলে দিচ্ছিলেন, আমীরে আহলে সুন্নাতের এটি পছন্দ হলো না,সুতরাং তিনি মুফতি সাহেবকে আরয করলেন: হযরত! আপনি সাহিবে মাযারের হক নষ্ট করছেন না তো, কারণ পাতাও তো তাসবীহ (অর্থাৎ:আল্লাহ পাকের যিকির) করে । এতে মুফতি সাহেব আমীরে আহলে সুন্নাতের প্রতি খুবই প্রভাবিত হলেন আর বললেন: "মুফতি তো ইলইয়াস আত্তার কাদেরীর হওয়া উচিত কেননা তিনি আমার ভুল ধরিয়ে দিয়েছেন"।

(তাযকিরায়ে আমীরে আহলে সুন্নাত, পুরনো স্মৃতি, পর্ব: ১০, ভিডিও ডিউরেশন, ৩০: ২৭)

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

আল্লাহ পাকের সন্তুষ্টির আলামত

হযরত মুফতি আহমদ ইয়ার খাঁন নঈমী رَحْمَةُ اللهِ عَلَيْهِ বলেন: দুনিয়াতে আল্লাহ পাকের সন্তুষ্টি হওয়ার আলামত হলো এটি যে, তার উপর আল্লাহ পাকের নেককার বান্দারা সন্তুষ্ট থাকবে এবং সে নেক আমল করার তাওফিক পাবে। বুযুর্গানে দ্বীন (رَحِمَهُمُ اللهُ عَلَيْهِمْ اَجْمَعِيْن) এর দিকে হৃদয়

www.dawateislami.net

নত হয়ে যাওয়া তাঁর মাহবুবে ইলাহী (অর্থাৎ আল্লাহ পাকের পছন্দনীয় বান্দা) হওয়ার আলামত।

(তাফসীরে নুরে ইরফান, পারা: ১০, সুরা তাওবা, আয়াতের পাদটীকা: ৭২, পৃ: ২৩৯)

আমীরে আহলে সুন্নাতের ইসলামের খেদমত

শায়খে তরিকত, আমীরে আহলে সুন্নাত, দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা, হযরত আল্লামা মাওলানা আবু বিলাল মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه পনের শতাব্দির একজন আলিমে বা–আমল, বুযুর্গ ও রুহানী ব্যক্তিত্ব। পাকিস্তানসহ বিশেষ করে যে সকল দেশের বড় বড় ওলামায়ে কেরাম ও মাশায়িখে কেরামগণ বছরের পর বছর তাঁর দ্বীনের খেদমত ও প্রশংসা করে আসছেন, অনেক ওলামায়ে কেরাম তো তাঁর শানে মানকাবাতও লিখেছেন:

اَلْحَمْدُ لِلّٰهِ عَلٰى اِحْسَانِهٖ وَكَرَمِهٖ আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর তরিকতের সিলসিলা পৃথিবীর বড় সিলসিলার মধ্যে একটি যেটা অনেক দেশের মধ্যে লক্ষ লক্ষ বরং কোটি কোটি মানুষের নিকট ছড়িয়ে পড়েছে, তাঁর রক্ত, ঘাম দ্বারা সিক্ত, নবী প্রেমের সুধা যেটা পান করায়, সেটা গুনাহের অভ্যাস ছাড়িয়ে সুন্নাতের অনুসারী বানায়, সুন্নাতে ভরা সংগঠন, “দাওয়াতে ইসলামীর” ফয়যান বিশ্বব্যাপী ছড়িয়ে দিয়েছেন। আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দ্বীনের খেদমত প্রায় অর্ধ শতাব্দী (অর্থাৎ ৫০ বছর) এর চেয়েও বেশি সময় হয়ে গেছে (কেননা দাওয়াতে ইসলামী ওয়ালা হওয়ার পূর্বেও তিনি বিভিন্নভাবে দ্বীনের খেদমতে নিয়োজিত ছিলেন), আল্লাহ পাক এই প্রাণপুরুষের মাধ্যমে এই যুগে তাঁর দ্বীনের এমন মহান খেদমত নিয়েছেন যার ফলে লক্ষ লক্ষ মুসলমান সুন্নাতের

www.dawateislami.net

অনুসরণ করছে, হাজার হাজার লোক দরসে নিযামী করে "আলিমে দ্বীন" এর সনদ (Certificates) নিয়ে নিয়েছে এবং ১৮ই জানুয়ারি ২০২৫ এটা লিখার সময়কাল পর্যন্ত "মাদারিসুল মদীনা" থেকে লক্ষাধিকের অধিক শিশু হিফযে কুরআন করার সৌভাগ্য অর্জন করেছে। আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দ্বীনি খেদমতের সময়সীমা (Duration) প্রায় পঞ্চাশ বছর, যার মধ্যে "হাজারো মসজিদ ও মাদরাসা প্রতিষ্ঠিত হয়েছে, লক্ষ লক্ষ মানুষের নিকট দ্বীনের পয়গাম পৌঁছানো ও অসংখ্য কিতাবাদি ও পুস্তিকার হাজার কপি ছাপানো হয়েছে। যদি এই দ্বীনি খেদমতকে দুইশত বছরের পরিশ্রমের ফল বললে ভুল হবে না।

খলিফায়ে মুফতিয়ে আযম হিন্দ মাওলানা বদরুল কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْه কতো সুন্দর লিখেছেন:

হে দাওয়াতে ইসলামী কি দুনিয়া মে ধূম ধাম
মাকবুল তেরা কাম হে ইলইয়াস কাদেরী
সুন্নাত কি খুশবুওয়োঁ ছে যমানা মেহেক উঠা
ফয়যান তেরা আম হে ইলইয়াস কাদেরী

অবশ্য এসব আল্লাহ পাকের দয়া ও অনুগ্রহ এবং তাঁর প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর ফয়যান, আউলিয়ায়ে কেরাম (رَحِمَهُمُ اللهُ السَّلَام) বিশেষ করে সায়্যিদি ও মূর্শিদি হুযুরে গউসে পাক শায়খ আব্দুল কাদির জিলানী رَحْمَةُ اللهِ عَلَيْه ও ইমামে আহলে সুন্নাত, সায়্যিদি আলা হযরত ইমাম আহমদ রযা رَحْمَةُ اللهِ عَلَيْه এর বিশেষ কৃপা দৃষ্টির সদকা। আল্লাহ পাক দাওয়াতে ইসলামীর এই সুগন্ধিময় বাগানকে আজীবন আবাদ রাখুক এবং এর পয়গাম পৃথিবীর রন্দ্রে রন্দ্রে পৌঁছিয়ে দিক এবং আল্লাহ করুক চারিদিক

www.dawateislami.net

থেকে সুন্নাতে বাহার চলে আসুক। সারা দুনিয়ায় দাওয়াতে ইসলামীর খেদমত সম্পর্কে অবহিত লোকদের নিকট বহুবছর পূর্বে আমীরে আহলে সুন্নাতের করা দোয়ার কবুলিয়্যতের কথা আর গোপন নেই।

মাকবুল জাহাঁ ভর মে হো "দাওয়াতে ইসলামী"
সদকা তুঝে এ রব্বে গাফফার! মদীনে কা

(ওয়াসায়িলে বখশিশ, ১৮০ পৃ:)

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

ওলামায়ে আহলে সুন্নাত ও আমীরে আহলে সুন্নাত

আরব শরীফ এবং ভারত-পাকিস্তান ছাড়া বিশেষ করে কিছু কিছু দেশের বড় বড় ওলামায়ে আহলে সুন্নাত, মুফতিয়ানে কেরাম ও মাশায়িখে এযাম (كَثَّرَهُمُ اللهُ অর্থাৎ আল্লাহ পাক তাঁদের সংখ্যা বৃদ্ধি করুক) যাঁদের মুরিদীন ও ছাত্রদের সিলসিলা যুগ যুগ ধরে বিস্তৃত, আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে তাঁদের অভিমত ও মন্তব্য এই সংক্ষিপ্ত পুস্তিকার মধ্যে, এর মধ্যে কিছু কিছু হযরত শুরুতেই আমীরে আহলে সুন্নাতের বক্ষে দ্বীনের দরদ অবলোকন করেছেন আর কিছু হযরত আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর সাথে দীর্ঘ সময় অতিবাহিত করেছেন, অনেক মাশায়িখে কেরাম আমীরে আহলে সুন্নাতের বৈশিষ্ট্য ও গুণাগুণ অবলোকন করে নিজেদের খেলাফত ও হাদিসে মুবারকার অনুমতি ইত্যাদিও দান করেছেন। সময় ও পৃষ্ঠার স্বল্পতার কারণে কেবলমাত্র ২৬জন ওলামায়ে কেরামের অভিমত "২৬ রমযানুল মুবারক, আমীরে আহলে সুন্নাতের শুভ জন্মদিন" এর সম্পর্ক রেখে উপস্থাপন করছি। যদি এই ধারাবাহিকতা অব্যাহত রাখা হয় তবে হয়তো বড় একটি কিতাবে পরিণত হবে।

www.dawateislami.net

আল্লাহ পাক আমীরে আহল সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه কে দীর্ঘ নেক হায়াত দান করুক এবং তাঁর অনুগ্রহের ছায়া, নিজ অনুগ্রহে কল্যাণ ও নিরাপত্তার সাথে আমাদের মাথার উপর অটল রাখুক এবং তাঁর থেকে আরও দ্বীনের খেদমত নিক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

আমীরে আহলে সুন্নাত তাঁর নাতের বই "ওয়াসায়িলে বখশিশ" এ লিখেন:

আত্তার সে মাহবুব কি সুন্নাত কি লে খিদমত
ডনকা ইয়ে তেরে দ্বীন কা দুনিয়া মে বাজা দে

(ওয়াসায়িলে বখশিশ, ১১২ পৃ:)

(১) বুখারী শরীফের ব্যাখ্যাকারক হযরত আল্লামা মাওলানা মুফতি শরীফুল হক আমজাদী رَحْمَةُ اللهِ عَلَيْه

(সাবেক প্রধান মারকাযী দারুল ইফতা জামেয়া আশরাফিয়া মুবারকপুর, ভারত)

ফকিহে আযম হিন্দ, বুখারী শরীফের ব্যাখ্যাকারক, নায়িবে মুফতিয়ে আযম, হযরত আল্লামা মাওলানা মুফতি মুহাম্মদ শরীফুল হক আমজাদী رَحْمَةُ اللهِ عَلَيْه কে এমন কোন আশিকে রাসূল যে তাঁকে জানে না? তিনি পাকিস্তানে দাওয়াতে ইসলামীর মাদানী মারকায ফয়যানে মদীনা ভিজিটও করেছেন, আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর নিকট তাঁর দেওয়া খেলাফত/ওয়াকালাতও রয়েছে। তিনি আমীরে আহলে সুন্নাতের দ্বীনি খেদমত ও দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজের প্রতি খুবই প্রভাবিত ছিলেন, তিনি বলেন: জনাব মাওলানা মুহাম্মদ ইলইয়াস সাহেব دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه বর্তমানের যুগে ফি সাবিলিল্লাহ তথা বেতন ও হাদিয়া ছাড়া নিঃস্বার্থভাবে, শুধুমাত্র আল্লাহ পাকের সন্তুষ্টি ও তাঁর প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর

www.dawateislami.net

সন্তুষ্টির জন্য এমন আজিমুশ শান, আন্তর্জাতিক (International) পর্যায়ে কাজ করছেন। যার ফলে লক্ষ লক্ষ বদ আকিদা, সুন্নী সহীহুল আকিদা সম্পন্ন হয়েছে আর লক্ষ লক্ষ শরীয়ত বিমুখ ব্যক্তিরা শরীয়তের বিধান পালনকারী হয়েছে। বড় বড় লাখপতি, কোটিপতি ও শিল্পপতিরা মুখে দাড়ি রেখেছে, মাথায় পাগড়ী শরীফ বেঁধেছে, পাঁচ ওয়াক্ত নামায জামাআত সহকারে পড়া শুরু করেছে এবং দ্বীনি বিষয়ে আগ্রহী হয়ে উঠেছে, অন্যান্য লোকের মধ্যেও দ্বীনি স্পৃহা সৃষ্টি করতে লাগলো। এসব কাজ কি এটার উপযুক্ত নয় যে, আল্লাহ পাকের দরবারে তা কবুল হবে?

হুযুরে আকদস صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم ইরশাদ করেন: আমার উম্মতের ফেতনা ফ্যাসাদের সময় যে আমার সুন্নাতের অনুসরণ করবে তাকে একশত শহীদের সাওয়াব দান করা হবে। **(মিশকাত, ১/৫৫, হাদিস: ১৭৬)** যেহেতু উম্মতের ফেতনা ফ্যাসাদের সময় সুন্নাতের অনুসরণকারীর জন্য একশত শহীদের সাওয়াব রয়েছে। কাজেই যে বান্দা সুন্নাতের অনুসারী হয়ে কোটি কোটি মানুষকে একটি নয় বরং অসংখ্য সুন্নাতের অনুসারী বানিয়েছে, তার প্রতিদান কতো হবে? **(মাহানা আশরাফিয়া, জানুয়ারি ২০০৬, পৃ: ৬)**

এক পর্যায়ে তিনি বলেন: আমি বয়সের সেই সীমায় পৌঁছে গিয়েছি যে, নিজে গিয়ে কাজ করতে পারি না নতুবা আমি দাওয়াতে ইসলামীর কাফেলায় যেতাম, যদি আমার নিকট জামেয়া আশরাফিয়া মুবারকপুর শরীফের দায়িত্ব না থাকতো তবে স্বয়ং নিজে দাওয়াতে ইসলামীর কাজের মধ্যে অংশ নিতাম।

www.dawateislami.net

নিজের ফতোওয়ায় আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে অভিমত

মুফতি সাহেব নিজের "ফতোওয়ায়ে শরহে বুখারী" তে আমীরে আহলে সুন্নাতে ব্যাপারে একটি প্রশ্নের উত্তরে কিছুটা এইভাবে ভালোবাসার বহিঃপ্রকাশ করেন: দাওয়াতে ইসলামী খাঁটি সুন্নী, সহীহুল আকিদা সম্পন্ন লোকদের দল, এই দলের প্রতিষ্ঠাতা জনাব মাওলানা মুহাম্মদ ইলইয়াস সাহেব دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর সাথে আমি কয়েকবার সাক্ষাত করেছি, তিনি অত্যন্ত পরিপক্ক সুন্নী, মাসলাকে আলা হযরতের কঠোর অনুসারী। তিনি নিজের বিশেষ পদ্ধতিতে ইজতিমার মাধ্যমে মাসলাকে আলা হযরতেরই প্রচার ও প্রসার করছেন, এজন্য সকল সুন্নী মুসলমানের উচিত এই দলের সাথে সম্পৃক্ত হওয়া, এর সহযোগিতা করা, এর প্রোগ্রামে অংশগ্রহণ করা, যেসব লোক এই দলের দিকে আঙ্গুল তুলে এই দল থেকে মানুষকে আলাদা করার চেষ্টা করে তারা "ভুল পথে" রয়েছে, কিছুলোক ভুল বুঝাবুঝির শিকার আর কিছুলোক নিজেদের ব্যক্তিগত কারণে এদের বিরোধিতা করে, সেসব লোকদের কথার দিকে মনযোগ দেওয়া উচিত নয়। **(ফতোওয়ায়ে শারীহে বুখারী, ৩/৪৮৫)**

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

তানহা চালা তু সাথ তেরে হোগেয়া জাঁহা
মিঠা তেরা কালাম হে ইলইয়াস কাদেরী
সার পর ইমামা মাথে পে সাজাদোঁ কা নূর হে
জোভী তেরা গোলাম হে ইলইয়াস কাদেরী

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

(২) কলম সম্রাট, মুহসিনে মিল্লাত

আল্লামা আরশাদুল কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

হযরত আল্লামা মাওলানা আরশাদুল কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ কে কলম ও লেখনীর সম্রাট বলাটা কোনোক্রমেই ভুল হবে না, কেননা ওলামায়ে আহলে সুন্নাত তাকে "রঈসুল কলম" ও "রঈসুত তাহরীর" বলে সম্বোধন করেছেন, তাঁর লেখনীগুলো পড়ার মতো ছিলো, তাঁকে ওলামায়ে আহলে সুন্নাতের মধ্যে বড় আলিমে দ্বীন হিসেবে গণ্য করা হয়ে থাকে। আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه কয়েকবার তাঁর সাথে সাক্ষাত করার সৌভাগ্য অর্জন করেছেন, আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে তাঁর অভিমত জানার জন্য এই একটি ঘটনাই যথেষ্ট: একবার হযরত আল্লামা মাওলানা আরশাদুল কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ পাকিস্তানে থাকাকালীন অবস্থায় দাওয়াতে ইসলামীর "আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনা" তাশরিফ নিয়েছেন, যখন তিনি আমীরে আহলে সুন্নাতের পুত্র ও খলিফা মাওলানা হাজ্বী উবায়েদ রযা আত্তারী মাদানী مُدَّ ظِلُّهُ الْعَالِي এর সাথে সাক্ষাত করলেন তখন তিনি দরসে নিযামী (অর্থাৎ আলিম কোর্স) করছিলেন তখন হযরত আল্লামা আরশাদুল কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ তাঁকে জিজ্ঞাসা করলেন: বৎস! আপনি কী করেন? আরয করলেন: জামেয়াতুল মদীনায় পড়ি, মুফতি সাহেব নিজের ঈমানী দৃষ্টিভঙ্গিতে খলিফায়ে আমীরে আহলে সুন্নাতকে সম্বোধন করে বললেন: "বৎস! পড়ো পড়ো! সবার কাছে তো তোমার পিতার মতো ইলমে লাদুন্নি নেই।"

অন্য এক সময়ে তিনি আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর ব্যাপারে বলেন: এটা সত্য যে একজন মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার

www.dawateislami.net

কাদেরী (دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه) পুরো বিশ্বকে পরিবর্তন করে দিয়েছে। **(তা'আরুফে আমীরে আহলে সুন্নাত, ৫৯ পৃ:) (আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে আহলে সুন্নাত কে তা'ছুরাত, ২৪ পৃ:)**

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক।

আমেরিকা ইউরোপ এশিয়া আফ্রিকা হার যমিঁ
করতী তুঝে সালাম হে ইলইয়াস কাদেরী

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(৩) হযরত মাওলানা আব্দুল মান্নান রযা খাঁন আল মারুফ মান্নানী মিঞা مُدَّ ظِلُّهُ الْعَالِي

(নাবিরায়ে আলা হযরত, নাওয়াসা ও খলিফায়ে মুফতিয়ে আযম হিন্দ, জামেয়া নূরীয়া রযবীয়া বেরেলী শরীফ ভারত, এর প্রতিষ্ঠাতা)

ফাযিলে দারুল উলূম মানযারে ইসলাম বেরেলী শরীফ, পীরে তরিকত, হযরত মাওলানা আব্দুল মান্নান রযা খাঁন আল মারুফ মান্নানী মিঞা مُدَّ ظِلُّهُ الْعَالِي আমীরে আহলে সুন্নাত হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه কে সিলসিলায়ে কাদেরীয়া রযবীয়ার খেলাফত দান করেন এবং অনেকবার নিজের ভালোবাসার বহিঃপ্রকাশ বিভিন্ন ভিডিওর মাধ্যমে করেছেন, বেরেলী শরীফে ইমামে আহলে সুন্নাত আলা হযরত رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর বংশধরের পক্ষ থেকে একটি ভিডিওতে দেওয়া অভিমতের কিছু অংশবিশেষ উপস্থাপন করছি, পড়ুন আর চক্ষু শীতল করুন। মান্নানী মিঞা مُدَّ ظِلُّهُ الْعَالِي বলেন: আল্লাহ পাকের দয়া ও অনুগ্রহ যে দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা মাওলানা মুহাম্মদ

www.dawateislami.net

ইলইয়াস কাদেরী সাহেব মুহাব্বতে রাসূল صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم কে ছড়িয়ে দিয়েছেন, এটার সাথে আলা হযরতের প্রেমও মানুষের হৃদয়ে গেঁথে দিয়েছেন, এটি খুবই মহৎ কাজ। اَلْحَمْدُ لِلّٰه আমি জানতে পেরেছি যে, দাওয়াতে ইসলামী অনেক দেশে ছড়িয়ে পড়েছে, আল্লাহ পাক এটার মাধ্যমে মাসলাকে আলা হযরতকে ছড়িয়ে দিক, আল্লাহ পাক দয়া ও অনুগ্রহ করুক। আল্লাহ পাক তাঁকে (অর্থাৎ আমীরে আহলে সুন্নাতকে) সুস্থতা ও নিরাপত্তা দান করুক এবং আমরা সকলে যেন তাঁর মাধ্যমে আরও দ্বীনের সহযোগিতা ও দ্বীনের খেদমত দেখতে পারি, আমার মনের কথা প্রকাশ করে দিয়েছি, আল্লাহ পাক কবুল করুক। হুযুর মান্নানী মিঞা مُدَّ ظِلُّهُ الْعَالِي (অর্থাৎ আল্লাহ পাক তাঁর হায়াত বাড়িয়ে দিক) এরপর বিনয় প্রকাশ করতে গিয়ে বলেন: "এই হক কাজের সাথে এই ফকির অধম মান্নানী "একমত"। (ভিডিও কম্পোজ)

ভিডিও দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

আরও একটি ভিডিওতে হযরত মান্নানী মিঞা مُدَّ ظِلُّهُ الْعَالِي আমীরে আহলে সুন্নাতের এইভাবে স্লোগান দিয়ে ভালোবাসার বহিঃপ্রকাশ করেন: "আমীরে দাওয়াতে ইসলামী মাওলানা ইলইয়াস কাদেরী, জিন্দাবাদ"।

(ভিডিও থেকে কম্পোজ)

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

আল্লাহ পাক ইমামে আহলে সুন্নাতের পরিবারবর্গকে আলিশান ও আস্তানায়ে আলিয়া বেরেলী শরীফকে সালামত রাখুক, আল্লাহ পাক সারা

www.dawateislami.net

বিশ্বে মাসলাকে আলা হযরতকে ছড়িয়ে দিক।

اٰمِین بِجاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیْہِ وَاٰلِہٖ وَسَلَّم

রৌশনী ইয়ে বড়হ্ কার আলাম কি ফাযা পর ছা গেয়ি
মাশআলে আহমদ রেযা হে আউর মাশআলে দার তু

صَلُّوْا عَلَی الْحَبِیْب صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

(৪) খলিফায়ে মুফতি আযম হিন্দ হযরত মাওলানা মুফতি মুহাম্মদ মতিউর রহমান মুযতর রযবী مُدَّ ظِلُّہُ الْعَالِی

(কাযী ইদারাতুশ শরীয়ত কিষণগঞ্জ বিহার, ভারত)

খলিফায়ে মুফতিয়ে আযম হিন্দ, হযরত মাওলানা মুফতি মুহাম্মদ মতিউর রহমান মুযতর রযবী مُدَّ ظِلُّہُ الْعَالِی ভারতের অনেক বড় আলিমে দ্বীন ও মুফতিয়ে ইসলাম। তিনি অসংখ্য দ্বীনের খেদমত করেছেন, তিনি আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে নিজের মনের ভাব প্রকাশ করতে গিয়ে বিনয় সুলভ বলেন: “আমি” গুনাহগার আর মাওলানা ইলইয়াস আত্তার কাদেরী সাহেব আপাদমস্তক “নেককার”।

আল্লাহ পাক তাঁর হায়াতে বরকত দান করুক। তিনি যেই মিশন নিয়ে সামনে অগ্রসর হচ্ছেন আল্লাহ পাক তাঁকে সফলতা দান করুক, তাঁর কাজগুলো তাঁর নয় বরং দ্বীনের কাজ, সেগুলো আমাদের কাজ আর যা আমাদের কাজ তা দ্বীনের কাজ যা তিনি করে যাচ্ছেন তার প্রতি আমাদের সকলের পক্ষ থেকে মুবারকবাদ পাওয়ার যোগ্য।

আমরা দোয়া করছি: আল্লাহ পাক তাঁকে হায়াতে খিযর দান করুক এবং তাঁর কাছ থেকে আরও বেশি বেশি দ্বীনের খেদমত নিক, দাওয়াতে

www.dawateislami.net

ইসলামী যেই ধরনের কাজ করে যাচ্ছে সেই ধরনের কাজ আমাদের পক্ষে করা সম্ভব নয় কেননা আরবিতে প্রবাদ রয়েছে: "لِكُلِّ فَنٍّ رِجَال" আল্লাহ পাক প্রতিটি কাজের জন্য আলাদা আলাদা ব্যক্তি সৃষ্টি করেছেন। ব্যস আমরা তো এটাই চাই যে, আহলে সুন্নাতের যেই লোক যেখানে দ্বীনের কাজ করছে আল্লাহ পাক তাঁকে সফলতা দান করুক আর তিনি দ্বীনের কাজ করতে থাকুক। (ভিডিও থেকে কম্পোজ)

ভিডিও দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاہِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

আমীরে আহলে সুন্নাত আপ কি হিম্মত কা কিয়া কেহনা
জো বদ কো নেক কর দেয় তে হে উস দাওয়াত কা কিয়া কেহনা

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(৫) খাজায়ে ইলম ও ফন, উস্তাযুল ওলামা ওয়াল মাশায়িখ, জামেয়ে মা'কুল ও মানকুল হযরত আল্লামা মাওলানা খাজা মুযাফফর হোসাইন সাহেব رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(শায়খুল হাদিস দারুল উলুম নুরুল হক, চারা মুহাম্মদপুর, ফয়সালাবাদ, ইউপি, ভারত)

খাজায়ে ইলম ও ফন,উস্তাযুল ওলামা ও মাশায়িখ, জামেয়ে মা'কুল ও মানকুল হযরত আল্লামা মাওলানা খাজা মুযাফফর হোসাইন সাহেব رَحْمَةُ اللهِ عَلَيْهِ ভারতের দারুল উলুম তথা "নুরুল হক" এ শায়খুল

www.dawateislami.net

হাদিস ছিলেন, তিনি আমীরে আহলে সুন্নাতের যুগশ্রেষ্ঠ প্রসিদ্ধ কিতাব "ফয়যানে সুন্নাত" এর প্রতি খুবই প্রভাবিত হলেন, তিনি আমীরে আহলে সুন্নাতকে কোন এক উপাধি দ্বারা স্মরণ করতে গিয়ে এই কিতাবে আমীরে আহলে সুন্নাতের প্রশংসা করেছেন, লক্ষ্য করুন:

হাজার হাজার দয়া ও অনুগ্রহের বর্ষণ হোক আমীরে আহলে সুন্নাত, দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা ও আমীর, আশিকে মদীনা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলিয়াস আত্তার কাদেরী রযবী যিয়ায়ী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর উপর, কেননা তিনি হিরা ও মণি মুক্তা এবং রত্নগুলোকে বাছায় করে করে একত্রিত করেছেন আর "ফয়যানে সুন্নাত" নামে সাজিয়ে প্রিয় নবী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর স্মরণে হৃদয় প্রকম্পিতকারীদের খেদমতে পেশ করেছেন, ভাষা ও বর্ণনার সাবলীতা এবং লেখার ধরণের মাধুর্যতার সাথে যখন এই কিতাব মানুষের হাতে চলে আসলো লোকেরা এটাকে অশ্রুশিক্ত নয়নে এবং মনের আগ্রহ নিয়ে পড়তে ও সেটার উপর আমল করতে লাগলো, আমি অধম নিজেই এই কিতাবের প্রতি এতই প্রভাবতি হয়েছি যে, যখন এটির প্রথম অংশ হাতে পেলাম তখন অযু সহকারে অশ্রুসিক্ত নয়নে পড়তে রইলাম আর বার বার পড়তেই রইলাম।

(ফয়যানে সুন্নাতের অভিমত, ৩ পৃ:)

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

গোশা গোশা দুনিয়া কা হোনে লাগা হে ফয়েয ইয়াব
আম হার সু হুগেয়া ফয়যানে সুন্নাত জিন্দাবাদ

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

(৬) হযরত আল্লামা মাওলানা মুফতি শামসুল হুদা মিসবাহী مُدَّ ظِلُّهُ الْعَالِي

(সাবেক মুদাররিস জামেয়া আশরাফিয়া মুবারকপুর, ভারত, বর্তমান মুফতি দারুল ইফতা কানযুল ঈমান, পশ্চিম ইয়র্কশায়ার UK)

আহলে সুন্নাতের অনেক বড় দারুল উলুম "জামেয়া আশরাফিয়া মুবারকপুর শরীফ" ভারতের সাবেক ওস্তাদ হযরত আল্লামা মাওলানা মুফতি শামসুল হুদা মিসবাহী مُدَّ ظِلُّهُ الْعَالِي যিনি অনেক বছর ধরে যুক্তরাজ্যে থাকেন, তিনি ভারত, পাকিস্তান ও ইউরোপে দাওয়াতে ইসলামীর বিভিন্ন দ্বীনি মারকাযের ভিজিট করেন। তিনি মাঝে মাঝে নিজের বক্তব্য ও বয়ানে দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজের উন্নতী ও আমীরে আহলে সুন্নাতের প্রশংসা করে থাকেন, তাঁর বিভিন্ন সাক্ষাতকার ইউটিউব ইত্যাদি থেকে দেখতে ও শুনতে পারেন, এখানে একটি সাক্ষাতকার লিখিত আকারে সাজিয়ে উপস্থাপন করা হচ্ছে: তিনি বলেন:

আমি তো এটাই অনুভব করছি যে, এটা মুস্তফা জানে রহমত صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর বিশেষ দয়া যে, তিনি এই সংগঠন (দাওয়াতে ইসলামী) থেকে নিজের মিশনের কাজ নিচ্ছেন। আর আমীরে আহলে সুন্নাত, আমীরে দাওয়াতে ইসলামী হযরত আল্লামা আবু বিলাল মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه যার ব্যাপারে এটা বলা হয় তো বেশি হবে না যে, "ফয়যে রেযার" নাম হলো "আত্তার" এই সংগঠন ইমাম আহমদ রযা رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর ফয়েয ও বারাকাতকে আজ পৃথিবীর আনাচে কানাচের বিভিন্ন ভাষায় লেখনী ও বয়ানের মাধ্যমে না শুধুমাত্র পুরুষদের মাঝে বরং মহিলাদের মাঝেও ছড়িয়ে দিয়েছে, আল্লাহ পাকের

www.dawateislami.net

দরবারে দোয়া করছি যে, তিনি যেন এটাকে দিন দিন উন্নতী দান করেন এবং হিংসুকের হিংসা, শত্রুদের শত্রুতা থেকে হেফাযত করে। আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاہِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

সারী দুনিয়া কে কিনারো সে সদা আনে লাগি
বন চুকা হে আশিকো কা কাফেলা সালার তু

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(৭) হযরত মাওলানা মুফতি মুহাম্মদ আযম রযবী مُدَّ ظِلُّهُ الْعَالِي

(দারুল উলুম মাযহারুল ইসলাম বেরেলী শরীফ)

যখন কোন ব্যক্তি বা দল ভালো কাজের জন্য আপ্রাণ চেষ্টা করে, আল্লাহ পাকের ওয়াদা রয়েছে যে, তিনি তাকে বা সেই দলকে সফলতার দ্বারাপ্রান্ত ও লক্ষ্যস্থল পর্যন্ত অবশ্যই পৌঁছিয়ে দিবেন, আল্লাহ পাক ইরশাদ করেন:

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ؕ وَاِنَّ اللّٰهَ لَمَعَ الْمُحْسِنِيْنَ

(পারা: ২১, সুরা আনকাবুত, আয়াত: ৬৯)

কানযুল ঈমানের অনুবাদ: আর যারা আমার পথে প্রচেষ্টা চালায় অবশ্যই আমি তাদেরকে আপন রাস্তা দেখাবো, আর নিশ্চয় আল্লাহ সৎকর্মপরায়ণদের সাথে আছেন।

আমীরে দাওয়াতে ইসলামী, মাওলানা মুহাম্মদ ইলইয়াস কাদেরী সাহেব আলা হযরত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর খলিফা বিশেষ করে হযরত মাওলানা যিয়া উদ্দীন সাহেব মাদানী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর মুরিদ এবং তাঁর শাহজাদা হযরত মাওলানা ফযলুর রহমান সাহেবের খলিফা। আলা হযরত

www.dawateislami.net

رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর জন্য নিবেদিত প্রাণ, মাসলাকে আলা হযরত رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর অনুসারী, মুবাল্লিগে আহলে সুন্নাত। (আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে আহলে সুন্নাত কে তাসুরাত, ৬৩ পৃ:) আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاہِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

তু জাহাঁ মে আশিকো কে দিল কে ধড়কন বন গেয়া
ইতর সুন্নাত বাঁটতা হে এ মেরে আত্তার তু

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(৮) খলিফা মুফতিয়ে আযম হিন্দ হযরত আল্লামা মাওলানা মুফতি বদরুদ্দীন কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(ইসলামী চিন্তাবিদ, দার্শনিক, সাহিত্যিক, কবি এবং অসংখ্য কিতাবের রচয়িতা)

খলিফা মুফতিয়ে আযম হিন্দ, হযরত আল্লামা মাওলানা মুফতি বদরুদ্দীন কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ প্রথম সফরুল মুযাফফর ১৯ সেপ্টেম্বও ২০২১ এ ইন্তেকাল করেন। আল্লাহ পাক তাঁর মাজারে রহমত বর্ষন করুক। আমীরে আহলে সুন্নাতের প্রশংসাকারী ওলামায়ে আহলে সুন্নাতের মধ্যে তার নাম "সর্বাগ্রে"। তিনি আমীরে আহলে সুন্নাতের কিছু মানকাবাতও লিখেছেন, তিনি একটি ভিডিও সাক্ষাতকারে বলেন: اَلْحَمْدُ لِلّٰه দাওয়াতে ইসলামীর বিস্তৃতি এখন পুরো বিশ্বে ছড়িয়ে পড়েছে, এর কাজ এখন ইন্টারন্যাশনাল কাজ। প্রায় দশ বছর ধরে আমি মানুষকে এই কথাটি বোঝানোর চেষ্টা করছি যে, আহলে সুন্নাত ওয়াল জামআতের সারা দুনিয়ার এমন এক সংগঠন যেটার "قَالَ اللهُ وَقَالَ الرَّسُوْلُ" এবং মুস্তফা জানে

www.dawateislami.net

রহমত صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর সম্পর্ক রয়েছে, সেটা হলো একটাই সংগঠন "দাওয়াতে ইসলামী", এটি নিজে নিজে আর একদিনে সৃষ্টি হয়নি বরং এটার জন্য আমীরে আহলে সুন্নাত, তার সহযোগীরা আপ্রাণ প্রচেষ্টা চালিয়েছে, মদীনায়ে তায়্যিবা থেকে রহমত ও বরকতের শাখা আর বিশেষ ফয়যান নিয়ে হযরতে আমীরে আহলে সুন্নাত করাচি (পাকিস্তান) থেকে যেই কাজ শুরু করেছেন اَلْحَمْدُ لِلّٰه আজ তা পুরো পৃথিবীতে সেটার আলো ছড়িয়ে পড়েছে।

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

মাওলানা মুফতি বদরুদ্দীন কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর লিখিত মানকাবাত

ইতর সুন্নাত বাঁটতা হে এ মেরে আত্তার তু
আহলে সুন্নাত কেলিয়ে হে সাহিবে শাহকার তু
সারে দুনিয়া কে কিনারো সে সদা আনে লাগে
বন চুকা হে আশিকো কা কাফেলা সালার তু
তু জাহা মে আশিকো কে দিল কি ধড়কন বন গেয়া
ইতর সুন্নাত বাঁটতা হে এ মেরে আত্তার তু
রোশনী ইয়ে বড়হ্ কে আলম কে ফাযা পর ছা গায়ি
মাশআলে আহমদ রযা হে অউর মাশআলে দার তু
দীঁ কে রাহ মে রোয ও শব জুহদে মুসালসাল তেরা শাগল
হে জুমুদ ও কাসল কি আদাত সে ভী বেযার তু
তেরে জলওয়া কে বাহারে হার জাগাহ হে আশকার
ঘর কে আন্দার রঙ্গ তেরা অর সারে বাযার তু

www.dawateislami.net

আহলে শার গউগা করে আহলে সুন্নাত কো গম নেহী
ফিতনায়ে বাতিল কে রাহ মে বন গেয়া দিওয়ার তু
বদর নে ইস আহদ মে দেখা না তুঝ সা দুসরা
তু ধানী হে ক্বউল কা অর সাহিবে কিরদার তু

(মানাকিবে আত্তার, ১৭ পৃ:)

صَلُّوْا عَلَى الْحَبِيْب　　صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(৯) খলিফায়ে মুফতি আযম হিন্দ ও কুতবে মদীনা, হযরত মাওলানা আব্দুস সালাম কাদেরী রযবী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(শায়খে তরিকত, ইমাম ও খতিব জামে মসজিদ কন্তী আহমা, যিলা পরতাব গঢ়, ইউপি, ভারত)

১৩৯৯ হিজরি মোতাবেক ১৯৭৯ খ্রিষ্টাব্দে যখন আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه তাঁর ভাগ্নের বিবাহের অনুষ্ঠানে কলম্বো (শ্রীলঙ্কা) তাশরিফ নেন, তখন ১১ই রবিউল আখির অনুযায়ী ১০ মার্চ ১৯৭৯ সালে হানাফিয়া মেমন মসজিদ কলম্বোতে যোহরের নামাযে খলিফায়ে কুতবে মদীনা, কমরে রযা, হযরত মাওলানা আবু ফুকরা আব্দুস সালাম কাদেরী রযবী চিশতি বারকাতী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর সাথে সাক্ষাত হয়, তিনি এই প্রবাদ "হিরে কে পরখ জওহর জানে (অর্থাৎ রতনে রতনকে চিনতে পারে, যে কেউ চিনতে পারে না)" এই প্রবাদটির সত্যতার ভিত্তিতে, তাঁর অন্তর্দৃষ্টির মাধ্যমে আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর আচার আচরণ ও চালচলন দেখে চিনে ফেলেন, অতঃপর হুযুরে গাউসে পাক শায়খ আব্দুল কাদের জিলানী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর ওরস শরীফ উপলক্ষে বড় গিয়ারভী শরীফের রাতে অনুষ্ঠিত মাহফিলে আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه কে বললেন: "এই রাত বার বার আসে না, তরিকতের দৃষ্টিতে এটি খুবই

www.dawateislami.net

মহান রাত, আমি আপনাকে সিলসিলায়ে আলিয়া কাদেরীয়ার খেলাফত দিচ্ছি যেহেতু আমি সায়্যিদি কুতবে মদীনার ওকিল সেটারও অনুমতি প্রদান করছি এবং সিলসিলায়ে কাদেরীয়া ছাড়াও অন্যান্য যতই সিলসিলার আমার জন্য অনুমতি রয়েছে তাও আমি আপনাকে দান করছি।” **(ফয়যানে মাওলানা আব্দুস সালাম কাদেরী رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ, ৬৫ পৃ:)**

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِین بِجاہِ خَاتَمِ النَّبِیّٖن صَلَّی اللّٰہُ عَلَیۡہِ وَاٰلِہٖ وَسَلَّم

শফীউল মুযনিবিন তক তেরা শাজারা লাখো কো লায়া
নবী সে জোড় দেনে ওয়ালে ইস নিসবত কা কিয়া কেহনা

صَلُّوۡا عَلَی الۡحَبِیۡب صَلَّی اللّٰہُ عَلٰی مُحَمَّد

(১০) মুফতিয়ে আযম পাকিস্তান হযরত আল্লামা মাওলানা মুফতি ওয়াকার উদ্দীন رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ

(সাবেক মুফতি ও উস্তাদ দারুল উলুম আমজাদীয়া আন্তর্জাতিক রোড করাচি)

মুফতিয়ে আযম পাকিস্তান, ওয়াকারুল মিল্লাত, হযরত আল্লামা মাওলানা মুফতি ওয়াকার উদ্দীন رَحۡمَۃُ اللّٰہِ عَلَیۡہِ আমীরে আহলে সুন্নাতকে খুবই কাছ থেকে জানতেন কেননা আমীরে আহলে সুন্নাত ২২ বছর পর্যন্ত তাঁর কাছে মাসায়িল শেখা ও জানার জন্য অনেক কিলোমিটার সফর করে উপস্থিত হতেন আর আমীরে আহলে সুন্নাতের প্রতিও তাঁর অসম্ভব ভালোবাসা ছিলো, তিনি আমীরে আহলে সুন্নাতকে নিজের খেলাফতও দান করেছেন। তাঁর কাছে কেউ একজন আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে জিজ্ঞাসা করলেন, তখন তিনি প্রশ্নকারীকে যেই উত্তর দিয়েছিলেন সেটা

www.dawateislami.net

তার "ওয়াকারুল ফতোওয়া" তে উল্লেখ রয়েছে, তিনি বলেন: "দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা মৌলভী ইলইয়াস কাদেরীকে আমি প্রায় "অনেক বছর ধরে চিনি, সে প্রতিদিন আমার কাছে আসতে থাকতো আর মাসআলা জিজ্ঞাসা করতে করতেই সেই "মৌলভী" হয়েছে আর তাঁকে এই সংগঠন প্রতিষ্ঠা করার জন্যও আমরা প্রস্তুত করেছিলাম আর আমি তাঁকে খেলাফতও দিয়েছি, সে আমার খলিফাও, তার সুন্নী হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই, খাঁটি সুন্নী। আলা হযরত رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর জন্য নিবেদিত প্রাণ।"

(ওয়াকারুল ফতোওয়া, ২/২০২)

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

জো সুহবত মে তেরি আয়ে ওহ ইশকে মুস্তফা পায়ে
মেরে মুহসিন তেরি মজলিস তেরি সুহবত কা কিয়া কেহনা

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(১১) গাযালীয়ে যমাঁ হযরত আল্লামা সৈয়দ আহমদ সাঈদ কাযেমী শাহ رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(খলিফায়ে মুফতিয়ে আযম হিন্দ ও জামেয়া ইসলামীয়া আরাবিয়া আনওয়ারুল উলুমের প্রতিষ্ঠাতা, মুলতান)

গাযালীয়ে যমাঁ, রাযিয়ে দাওরা, যায়গামে ইসলাম হযরত আল্লামা সৈয়দ আহমদ সায়্যিদ কাযেমী শাহ رَحْمَةُ اللهِ عَلَيْهِ পাকিস্তানের প্রখ্যাত ওলামায়ে কেরামের একজন, তিনি দ্বীন ও মাসলাকের প্রতি খুবই দরদ রাখতেন, তিনি মুহররম শরীফ ১৪০৩ হিজরি মোতাবেক ১৯৮৩ খ্রিষ্টাব্দে

www.dawateislami.net

আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে খুবই বড় একটি সাক্ষাতকার দেন, সেটার কিছু অংশ এখানে লিখিত আকারে উপস্থাপন করা হচ্ছে:

বেরাদারানে আহলে সুন্নাত اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهٗ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْن অনেক বছর ধরে সুন্নী জনতা যেটার প্রত্যাশা করে আসছিল اَلْحَمْدُ لِلّٰه হযরত মাওলানা মুহাম্মদ ইলইয়াস কাদেরী সাহেব (زِيْدَ مَجْدُهٗ) (অর্থাৎ আল্লাহ পাক তাঁর সম্মানকে আরো বাড়িয়ে দিক) এর আপ্রাণ প্রচেষ্টায় পূরণ হতে দেখা যাচ্ছে, আমাদের ওলামা মাশায়েখ আহলে সুন্নাতের দায়িত্ব হলো দাওয়াতে ইসলামীর পয়গামকে পাকিস্তানের কোণায় কোণায় পৌঁছিয়ে দেওয়া এবং বিদেশের মধ্যেও এটার প্রচার করা। প্রত্যেক সুন্নীকে এই কথাটি খুব ভালোভাবে মনে রাখা দরকার যে দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা মাওলানা মুহাম্মদ ইলইয়াস কাদেরী সাহেব একজন খাঁটি সুন্নী এবং হযরত যিয়াউল মিল্লাত ওয়াদ দ্বীন মাওলানা মুহাম্মদ যিয়াউদ্দীন কাদেরী মাদানী رَحْمَةُ اللهِ عَلَيْه এর মুরিদ।

وَالسَّلَامُ مَعَ الْاِكْرَامِ ، وَصَلَّى اللهُ تَعَالٰى عَلٰى حَبِيْبِهٖ وَرَسُوْلِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَصَحْبِهٖ اَجْمَعِيْن۔

আল্লাহ পাকের রহমত তাঁর উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। اٰمِين بِجَاهِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم

কাশ সুন্নী সাথ তেরে মিল কে আগে বড়তে জায়ে
পস্ত হো আ'দা কি কুওয়াত আউর সুন্নাত যিন্দাবাদ

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

(১২) অসংখ্য গ্রন্থের রচয়িতা, হযরত আল্লামা মুফতি মুহাম্মদ ফয়েয আহমদ উয়াইসী রযবী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(খলিফায়ে মুফতিয়ে আযম হিন্দ, প্রতিষ্ঠাতা ও শায়খুল হাদিস জামেয়া উয়াইসীয়া রযবীয়া, বাহাউলপুর)

মাওলানা আবু বিলাল মুহাম্মদ ইলইয়াস কাদেরী রযবী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর ব্যাপারে আমি অধম কী লিখব? اَلْحَمْدُ لِلّٰه তিনি অসংখ্য গুণাবলীর অধিকারী, সবচেয়ে বড় কথা হলো এটা যে, ইশকে রাসূলে পাক صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم তাঁর হৃদয়ে ভরপুর রয়েছে এবং আলা হযরত সায়্যিদি শাহ আহমদ রযা বেরেলভী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর প্রকৃত ভক্তি ও ভালোবাসায় সিক্ত। তাবলীগ তথা দ্বীন প্রচারের যেই কাজ তিনি কয়েক বছর ধরে করে আসছেন এটি তাঁর উপর আল্লাহ পাকের এক মহান অনুগ্রহ।

অন্য এক সময় কিছুটা এইভাবে দাওয়াতে ইসলামীর দ্বীনি কাজের ব্যাপারে বলেন: اَلْحَمْدُ لِلّٰه দাওয়াতে ইসলামী সকল দেশে ছড়িয়ে পড়েছে এবং বিশেষ করে আমার দেশের অধিকাংশ স্থানে পৌঁছে গেছে এবং যুবক, শিশু, বৃদ্ধ এবং সকলের উপর খুব ভালো একটা প্রভাব ফেলেছে, আল্লাহ পাকের অনুগ্রহ তাঁদের উপর হয়েছে এমন বরকত আল্লাহ পাক তাঁদের উপর দান করেছেন যে, এরাও সৌভাগ্যবান হয়ে গেছে এবং যেই কাজ অতীতের ওলামায়ে কেরামের খেদমত হিসেবে প্রসিদ্ধ ছিল এখন এরাও এদের কাতারে চলে এসেছে, اَلْحَمْدُ لِلّٰه বাকি যারা এসব কাজে নিষ্ঠাবান, দ্বীনের কাজ করছে, অধমের দোয়া হল আল্লাহ পাক এই ঈমানদার বীর পুরুষের হায়াতে বরকত দান করুক এবং যেই কাজেরই উদ্যোগ নিবে তাতে সফলতা দান করুক। আমিন

(আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে আহলে সুন্নাতের তা'ছুরাত, ২৫ পৃ:)

www.dawateislami.net

আহ্‌লে শার গওগা করে আহ্‌লে সুনান কো গম নেহী
ফিতনায়ে বাতিল কে রাহ মে বন গেয়া দিওয়ার তু
صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(১৩) নাব্বাজে কাওম,হযরত আল্লামা মাওলানা পীর আবু দাউদ মুহাম্মদ সাদেক রযবী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(খলিফায়ে মাজায মুহাদ্দিসে আযম পাকিস্তান, খতিবে যিনাতুল মাসাজিদ দারুস সালাম, গুজরাঁওয়ালা)

মুবাল্লিগে ইসলাম ও সুন্নাতে খাইরুল আনাম, মাওলানা মুহাম্মদ ইলইয়াস কাদেরী আমীরে দাওয়াতে ইসলামী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর হায়াত ও স্বাস্থ্যে মাওলায়ে তায়ালা রাসূলে করীম صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর ওসিলায় বরকত দান করুক এবং তাকে সর্বদা হেফাযত ও নিরাপদ রাখুক। اَلْحَمْدُ لِلّٰه তিনি সম্মিলিতভাবে ইসলামের প্রচার ও খেদমতের দৃষ্টান্তহীন ভূমিকা পালন করেছেন এবং যুবকদের হৃদয়ে ইশকে মুস্তফা صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর প্রদীপ জ্বালিয়ে দিয়ে আশিকে মদীনা ও ফিদায়ে তাজেদারে মদীনা বানিয়ে দিয়েছেন। আল্লাহ পাক, বদ নজর ও দুশমনের অনিষ্টতা থেকে হেফাযত রাখুক এবং মদীনার পথের এই কাফেলা সর্বদা অব্যাহত থাকুক। আমিন

(আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে আহলে সুন্নাত কে তা'ছুরাত, ২৯ পৃ:)

মসলক কা তু ইমাম হে ইলইয়াস আত্তার কাদেরী
তাদবীর তেরি তাম হে ইলইয়াস কাদেরী
صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

(১৪) শরফে মিল্লত, উস্তাদুল ওলামা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ আব্দুল হাকিম শারফ কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(অসংখ্য কিতাবের রচয়িতা ও সাবেক শায়খুল হাদিস জামেয়া নিযামিয়া, লাহোরী গেইট লাহোর)

نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْم

হাদিস শরীফে রয়েছে: "مَنْ اَحْيَاسُنَّتِيْ بَعْدَ مَا اُمِيْتَتْ فَلَهٗ اَجْرُمِائَةِ شَهِيْدٍ" "যেই ব্যক্তি আমার এমন সুন্নাতকে জীবিত করলো যেটা বিলুপ্ত হয়ে গেছে তার জন্য একশত শহীদের সাওয়াব রয়েছে। এই হাদিসে মুবারকার আলোকে অনুমান করুন যে আমীরে দাওয়াতে ইসলামী হযরত মাওলানা আল্লামা মুহাম্মদ ইলইয়াস কাদেরী রযবী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه ও দাওয়াতে ইসলামীর মুবাল্লিগরা কয়জন শহীদের সাওয়াব পাবে, যাদের মাধ্যমে লক্ষ্য লক্ষ্য মানুষ না শুধুমাত্র নামাযী হয়েছে বরং রাসূলে করীম صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর সুন্নাতের উপর আমলকারী হয়েছে। এই সফলতায় যেখানে হযরত আমীরে দাওয়াতে ইসলামী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর দিন-রাতের অক্লান্ত পরিশ্রম ও তাঁর বয়ানাতের ভূমিকা রয়েছে সেখানে "ফয়যানে সুন্নাত" এরও বড় ভূমিকা রয়েছে।

মুহাম্মদ আব্দুল হাকিম শারফ (মাকতাবায়ে কাদেরীয়ার প্রতিষ্ঠাতা)
৬ যিলহজ্ব ১৪২৭ হি:, ২৮ ডিসেম্বর, ২০০৬ খ্রি:

www.dawateislami.net

(১৫) উস্তাযুল আসাতিযা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ মানশা তাবিশ কাসুরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(জামেয়া নিযামিয়া রযবীয়া মারকাযুল আউলিয়া লাহোর, খতিব, জামে মসজিদ যুফরিয়া মুরিদকে)

আমীরে দাওয়াতে ইসলামী হযরত আলহাজ মুহাম্মদ ইলইয়াস কাদেরী যিয়ায়ী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه বর্তমানের যুগের সেই বরকতময় ব্যক্তিত্ব যার আমলী আদর্শ হাজার হাজার মুসলিম যুবকদেরকে প্রভাবিত করেছে এবং মসলকে আহলে সুন্নাত ওয়াল জামআতের সম্মান ও মহত্বের প্রতিক হিসেবে সাব্যস্ত হয়েছে, নতুন প্রজন্মকে সুন্নাতে মুস্তফা صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم উপর পরিচালিত করা এটা কোন সামান্য বিষয় নয়। এটি আমীর সাহেব دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর একনিষ্ঠ প্রচেষ্টার ফসল যেটা স্পষ্ট যে এই দলের সাথে প্রতিটি শিশু, বৃদ্ধ, যুবক, পুরুষ, মহিলা সত্য দ্বীনের জন্য নিজেদের জীবনের কিছু সময় ব্যয় করার চেষ্টা করছে যেন পরকালীন জীবন যেটা স্থায়ী ও অবিনশ্বর সেটার জন্য ভালো কিছু যোগাড় করতে পারে। জীবনের প্রতিটি স্তরের মানুষ পাবেন যারা হযরত যিয়ায়ী সাহেব دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর সংগঠনের জন্য জান–প্রাণ দিয়ে করতে প্রস্তুত, এটার চেয়ে বড় কথা আর কী হতে পারে যে, লোক আল্লাহ পাকের ভালোবাসা ও তাঁর প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর ভালোবাসার দৌলত দ্বারা ধন্য হতে দেখা যায়। তাঁর প্রতিটি কাজ শরীয়তে মুহাম্মদী صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর প্রচারের কাজে গিয়ে শেষ হয়, তাঁর লিখনী আমলের রাস্তা দেখায়, তাঁর নাতের পঙক্তি নবী করীম صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এর ভালোবাসা ও ভক্তির সুগন্ধি ছড়াতে থাকে, মদীনার প্রতি ভালোবাসা হলো তাঁর প্রধান উদ্দেশ্য। দোয়া করি আপনারা

www.dawateislami.net

যেই ওলামা ও মাশায়িখে আহলে সুন্নাতের হায়াতে মুবারকের উপর কাজ করার দায়িত্ব নিয়েছেন, আল্লাহ পাক ও তাঁর প্রিয় হাবীব صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم এতে সফলতার দৌলত দান করুক। اٰمِين ثُمَّ اٰمِين

(আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে আহলে সুন্নাত কে তা'সুরাত, ৫৭ পৃ:)

সার মাস্তীয়ে রযা কি হার আলম মে ধূম হে
সাক্বীয়ে দাওরে জাম হে ইলইয়াস কাদেরী

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(১৬) মর্দে হক হযরত আল্লামা মাওলানা শাহ তুরাবুল হক কাদেরী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

প্রকৃত পুরুষ আল্লামা শাহ তুরাবুল হক কাদেরী সাহেব رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর নিকট আমীরে আহলে সুন্নাত মাওলানা ইলিয়াস কাদেরী সাহেবের ব্যাপারে জিজ্ঞাসা করা হলো তখন শাহ সাহেব প্রশ্নকারীকে বললেন: আমি বিগত ৩৫ বছর ধরে মাওলানা ইলইয়াস কাদেরী সাহেবকে চিনি, আপনি নিজেই ভেবে দেখুন যে এখন তাঁর বয়স কত হবে "আমার মন্তব্য এটাই যে দাওয়াতে ইসলামী সুন্নীদের সংগঠন, তারা সুন্নী সহীহুল আকিদা সম্পন্ন, তারা ইসলাম প্রচারের কাজ করছে এবং ওলামায়ে আহলে সুন্নাত তাদেরকে সহযোগিতা করছে।"

(শাহ তুরাবুল হক কাদেরী সাহেব সুওয়াল নম্বর: ২১৩৫) (ভিডিও থেকে কম্পোজ)

অন্য এক প্রশ্নের উত্তরে শাহ সাহেব رَحْمَةُ اللهِ عَلَيْهِ প্রশ্নকারীকে বললেন: "ইলইয়াস কাদেরী কাদেরী সাহেবের সম্পর্ক আহলে সুন্নাত ওয়াল জামআতের সাথে, তাঁদের ইজতিমায় যাবেন এবং সেখান থেকে ফয়েয হাসিল করুন।" **(ভিডিও থেকে কম্পোজ)**

www.dawateislami.net

ভিডিও দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

(১৭) হযরত আল্লামা মাওলানা মুফতি মুহাম্মদ নাসিম মিসবাহী مُدَّ ظِلُّهُ الْعَالِي

(ওস্তাদ ও মুফতিয়ে জামেয়া আশরাফিয়া মুবারকপুর, ভারত)

দাওয়াতে ইসলামী আহলে সুন্নাত ওয়াল জামআতের সংগঠন, ৪০ বছরের মধ্যে এই সংগঠন লক্ষ কোটি মানুষকে সঠিক পথে ফিরিয়ে এনেছে, না জানি কত লোক এদের মাধ্যমে মুখে দাড়ি সাজিয়েছে, মসজিদ ও মাদরাসা প্রতিষ্ঠা করেছে, লেখনী বা সংকলনের কাজ হোক, যেই প্রচারের কাজই দেখবেন তারা সেটা সম্পন্ন করেছে, এইসব প্রচেষ্টা ও পরিশ্রম সেই মহান ব্যক্তিত্বের অবদান যাকে আমীরে আহলে সুন্নাত হযরত মাওলানা ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه বলা হয়, কিভাবে এই বীর পুরুষ এত বড় কাজ হাতে নিয়েছে। জামেয়া আশরাফিয়া মুবারকপুর আযমগড় ভারত ও আমি অধমও দাওয়াতে ইসলামীকে সহায়তা করি এবং আমাদের সাধ্যের ভিতরে যেই কাজই রয়েছে আমরা সেটার জন্য প্রস্তুত, আল্লাহ পাক আমীরে আহলে সুন্নাতের হায়াতে বরকত দান করুক।

www.dawateislami.net

(১৮) হযরত আল্লামা মাওলানা মুফতি মুহাম্মদ আব্দুল কাইয়ুম হাজারভী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

মারকাযে ইলম ও ইরফান, জামেয়া নিযামিয়া রযবীয়া লাহোর (পাকিস্তান) ও রযা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও মহাপরিচালক, মুহসিনে আহলে সুন্নাত, মুফতিয়ে আযম পাকিস্তান ও তার সময়কার অনেক বড় ওস্তাদ, হযরত আল্লামা মাওলানা মুফতি মুহাম্মদ আব্দুল কাইয়ুম হাজারভী رَحْمَةُ اللهِ عَلَيْهِ আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর ব্যাপারে বলেন: আমি অধম স্বয়ং তাঁর সাথে সাক্ষাত করেছি, তিনি অত্যন্ত বিনয়ী, আমলদার, সাধারণ মানুষের প্রতি দরদী, ওলামায়ে কেরামের প্রতি সম্মান প্রদর্শনকারী ও ইসলামের বিনির্মাণ ও উন্নতীর জন্য সীমাহীন একনিষ্ঠ দেখেছি। তাঁর সংগঠনের সাথে সম্পৃক্ত যুবকেরা সুন্নাতে রাসূল صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم দ্বারা সজ্জিত হয়েছে, ডেকে ডেকে মাওলানার একনিষ্ঠতা ও অটলতা ও পরিশ্রম স্বয়ং নিজেরাই বলছে, নিঃসন্দেহে তিনি আহলে সুন্নাত ওয়াল জামায়াতের জন্য একটি মূল্যবান সম্পদ।

(আমীরে আহলে সুন্নাত কে বারে মে ১১৬৩ ওলামায়ে কেরামে তা'ছুরাত, ২৪ পৃ:)

صَلُّوْا عَلَى الْحَبِيْب　　صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(১৯) হযরত ফযিলাতুশ শায়খ রজব দীব শামী رَحْمَةُ اللهِ عَلَيْهِ (সিরিয়াবাসী)

(আলমে রব্বানী, মুবাল্লিগে ইসলাম, শায়খে তরিকত ও মুদাররিস ইদারাতু ইফতায়িল আম)

তিনি رَحْمَةُ اللهِ عَلَيْهِ বলেন: এখনই আমাকে প্রশ্ন করা হয়েছে যে আপনি মুলতান শরীফের ইজতিমায় তাশরিফ নিয়েছেন, সেটা কেমন

www.dawateislami.net

লেগেছে? আমি এটা বলছি: আল্লাহ পাকের দয়ায় আমি আজ পর্যন্ত অনেক দেশ দেখেছি, তন্মধ্য হতে কোন দেশে ইলমে দ্বীন ও আল্লাহ পাকের যিকিরের এত বড় মজলিস, এত বড় মাহফিল, এত বড় ইজতিমা দেখিনি আরাফাতের ময়দান ব্যতীত।

এত বড় মহান ইজতিমার ব্যবস্থা এই কথাটি প্রমাণ করে যে, আমীরে আহলে সুন্নাত আল্লাহ পাকের নৈকট্যশীল বান্দাদের একজন। আরও বলেন: যদি কোন দেশের বাদশাহ অথবা অনেক বড় লোকও এটা করার চেষ্টা করে তবে এত লোক জমা করা তো অনেক দূরের কথা এটার একটি অংশও জমা করতে পারবে না তবে হৃদয়ের বাদশাহ (অর্থাৎ আমীরে আহলে সুন্নাত) যিনি হৃদয়সমূহ পরিচালনা করে থাকেন তিনি এত বড় ইজতিমা করেছেন এবং এত মানুষকে আল্লাহ পাকের দ্বীনের কথা শেখানোর জন্য এক জায়গায় সমবেত করেছেন। আমি যখন আমীরে আহলে সুন্নাতের নাম নিই তখন মিষ্টান্ন জিনিস খাওয়ার চেয়েও আরও বেশি স্বাদ অনূভব করি। খাবার ও ভালো জিনিসের স্বাদ তো শুধুমাত্র জিহ্বা পর্যন্ত অনূভব হয়ে থাকে কিন্তু আল্লাহ পাকের প্রিয় বান্দাদের ভালোবাসা তো হৃদয়ে অনুভব হয়। শায়খ যখন আমীরে আহলে সুন্নাতের ঘর থেকে নিজের দেশে ফিরে যেতে লাগলেন তখন বললেন: আমি এখানে এমন সুগন্ধি অনুভব করছি যেটা রওযায়ে রাসূলে অনূভব করেছিলাম, আমার শরীর এখান থেকে চলে যাচ্ছে কিন্তু আমার হৃদয় এখানেই রেখে যাচ্ছি। (আরবি ভিডিওর কথাবার্তার অনুবাদ)

ভিডিওটি দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

www.dawateislami.net

আল্লাহ পাকের রহমত ওলামায়ে আহলে সুন্নাতের উপর বর্ষিত হোক আর তাঁদের সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। আমিন

(২০) শায়খুল মাশায়িখ হযরত মাওলানা সৈয়দ আব্দুল আযিয খতিব আদ দামেস্কী শাফেয়ী مُدَّ ظِلُّهُ الْعَالِي

শায়খুল মাশায়িখ হযরত মাওলানা সৈয়দ আব্দুল আযিয খতিব আদ দামেস্কী শাফেয়ী مُدَّ ظِلُّهُ الْعَالِي নিজের কাফেলা সহকারে কয়েক বছর পূর্বে আশিকানে রাসূলের দ্বীনি সংগঠন দাওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মাদানী মারকায ফয়যানে মদীনায় তাশরিফ আনেন, হাজারো আশিকানে রাসূল তাঁকে স্বাগত জানায়। তিনি আমীরে আহলে সুন্নাতের উপস্থিতিতে সেখানে বিদ্যমান ইসলামী ভাইদেরকে কিছুটা এভাবে উপদেশ দেন: আমরা আপনাদেরকে এই নির্দেশ দিচ্ছি যে, এই (অর্থাৎ আমীরে আহলে সুন্নাতের) সংস্পর্শে থাকুন এবং তাঁর সংস্পর্শ থেকে উপকার অর্জন করুন যেমনটি তাঁর বয়ান দ্বারা উপকৃত হয়ে থাকেন, অতঃপর আমীরে আহলে সুন্নাতকে কিছুটা এইভাবে বললেন: সায়্যিদি শায়খ ইলইয়াস! আল্লাহ পাক কিয়ামতের দিন যদি আমাকে জিজ্ঞাসা করে যে তুমি কি কোন নেককার লোকের সংস্পর্শে কোন সময় কাটিয়েছো? তবে আমি বলবো: জি! আমি "ইলইয়াস কাদেরীর" সংস্পর্শে কিছুটা সময় অতিবাহিত করেছি। অতঃপর বিনয় প্রকাশ করতে গিয়ে শায়খ সাহেব আমীরে আহলে সুন্নাতকে বললেন: "আমাদের মধ্যে যেই নাজাত পাবে সে তার ভাইয়ের হাত ধরবে (অর্থাৎ তার জন্যও সুপারিশ করবে)।" **(আরবি ভিডিও থেকে অনুবাদ)**

www.dawateislami.net

(২১) হযরত মাওলানা শায়খ মাহমুদ নাসির আলহুত আল হালবী শাফেয়ী আল আযহারী رَحْمَةُ اللهِ عَلَيْهِ

(সাবেক মুতাওয়াল্লী ইদারাতুল মাদরাসাতুল কাতাভীয়া, হালব, সিরিয়া)

হযরত মাওলানা শায়খ মাহমুদ নাসিরুল হুত আল হালবী শাফেয়ী শামী رَحْمَةُ اللهِ عَلَيْهِ বলেন: সত্যিকার্থে আমীরে আহলে সুন্নাতের সাথে হওয়া এই সাক্ষাৎ বরকতের কারণ এবং হয়তো এই সাক্ষাত আমাকে প্রশান্তি দিবে এবং বড় কাজ করার তাওফিক দিবে। اَلْحَمْدُ لِلّٰه আজ পর্যন্ত এই উম্মত তাঁর মতো মানুষ তৈরী করছে। “আমি পাকিস্তানবাসীদের বলব যে, তারা যেন এই বড় আলিমের সংস্পর্শ অবলম্বন করে এবং এই উম্মত কল্যাণের উপর থাকবে যতক্ষণ এইভাবে ওলামাদের রজ্জু ধরে রাখবে।”

হযরত সৈয়দ আব্দুল আযিয খতিব আদ দামেস্কী مُدَّ ظِلُّهُ الْعَالِي ও হযরত শায়খ মাহমুদ নাসিরুল হুত আল হালবী শাফেয়ী শামী رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর ভিডিও দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

যিয়ায়ী কাদেরী ফয়যান বাটতা হে তেরে দরসে
নবী কে ইশক মে সারমাস্ত জমইয়্যত কা কিয়া কেহনা

صَلُّوْا عَلَى الْحَبِيْب　　صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

(২২) ফযিলাতুশ শায়খুল হাবীব সৈয়দ ওমর বিন হাফিয حَفِظَهُ الله (ইয়েমেন)

ইয়েমেনের শহর "তারীম" এর প্রসিদ্ধ ও সুপরিচিত শাফেয়ী মাযহাবের আলিম দ্বীন, আন্তর্জাতিক ধর্মীয় স্কলার ফযিলাতুশ শায়খুল হাবীব ওমর বিন হাফিয حَفِظَهُ الله, তিনি ইয়েমেনে একটি বড় প্রতিষ্ঠান "দারুল মুস্তফা" পরিচালনা করেন, তাকে আরব দেশের প্রসিদ্ধ ওলামায়ে কেরামের মধ্য গণ্য করা হয়ে থাকে, তাঁর বন্ধুত্বের পরিধি অনেক বিস্তৃত, অনেক দেশে দ্বীনের খেদমতের জন্য তাশরিফ নিয়েছেন, কিছুদিন পূর্বে দাওয়াতে ইসলামীর আন্তর্জাতিক মারকায ফয়যানে মদীনা করাচি (পাকিস্তান) তাশরিফ আনেন এবং আমীরে আহলে সুন্নাতের সাথে সাক্ষাতও করেন। এক পর্যায়ে তিনি আমীরে আহলে সুন্নাতের ব্যাপারে কিছুটা এইভাবে অভিমত দেন আর দোয়া দ্বারা ধন্য করে বলেন: শায়খ মুহাম্মদ ইলইয়াস কাদেরী করাচি (পাকিস্তানে) আহলে সুন্নাতের পবিত্র দল "দাওয়াতে ইসলামীর" আমীর, আল্লাহ সুস্থতা ও নিরাপত্তার সাথে তাঁর হায়াত বাড়িয়ে দিক আর তাকে পরিপূর্ণ ও স্থায়ী আরোগ্য দান করুক, তাঁর প্রচেষ্টার মধ্যে বরকত দান করুক, তাঁর মাধ্যমে উপকার বিস্তৃত করুক, তাঁর খেদমতগুলো কবুল করুক, দাওয়াতে ইসলামীর সাথে সম্পৃক্ত ইসলামী ভাই, আরাকিনে শূরাদের বরকত দান করুক এবং দাওয়াতে ইসলামীর বিভিন্ন নেক কাজ ও তাঁর খেদমতে বরকত দান করুক, দাওয়াতে ইসলামীর খরচাদির ব্যয়কৃত অর্থে বরকত দান করুক এবং (দাওয়াতে ইসলামী اَلْحَمْدُ لِلّٰه) সালফে সালেহীন অর্থাৎ সাহাবায়ে কেরাম (رَضِیَ اللّٰهُ عَنْهُمْ) এবং তাবেয়ীনে ইযাম (رَحِمَهُمُ اللّٰهُ عَلَيْهِمْ اَجْمَعِيْن) এর অনুসারী ও আহলে সুন্নাত ওয়াল জামআতের তরিকার উপর প্রতিষ্ঠিত।

(আরবি ভিডিও থেকে অনুবাদ)

www.dawateislami.net

এই ভিডিওটি দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

(২৩) ফযিলাতুশ শায়খ আব্দুল হাদী আল খারাসা দামেস্কী حَفِظَهُ الله

উস্তাযুল ওলামা, বারাকাতুশ শাম, শায়খ আব্দুল হাদী মুহাম্মদ আল খারাসা হানাফী দামেস্কী শাযলী حَفِظَهُ الله সিরিয়া দেশের প্রসিদ্ধ ও পরিচিত এবং বড় ওলামায়ে কেরামের একজন। তিনি ধর্মীয় স্কলার, অনেক কিতাবের লেখক, কবি, সুফী ও সিরিয়ায় শাযলী সিলসিলার বড় বুযুর্গ। তিনিও আমীরে আহলে সুন্নাতের সাথে সাক্ষাত করেন এবং নিজের তার চমৎকার অভিমত প্রকাশ করে কিছুটা এইভাবে বলেন:

আল্লাহ পাক এই বিশেষ অনুগ্রহটি করেছেন যে তিনি আমাকে দ্বীনি সংগঠন দাওয়াতে ইসলামীর মাদানী মারকায ফয়যানে মদীনা পরিদর্শন দ্বারা সম্মানিত করেছেন, যেসব বিষয়সমূহ অন্যান্য সংগঠনসমূহের মধ্যে পৃথক পৃথকভাবে দৃষ্টিগোচর হতো ঐসবকিছু এই একটি আন্তর্জাতিক ইসলামী মারকাযের মধ্যে একসাথে রয়েছে, প্রকৃতপক্ষে এই কাজ পুরো উম্মতের কাজ, এই সংগঠনের লোকেরা নিজেদের মেধা, শারীরিক, জ্ঞান ও সম্পদের যোগ্যতাকে ওই নেককার লোকদের সহযোগিতা ও সহায়তার জন্য বিলীন করে দিয়েছে যারা আল্লাহ পাকের নৈকট্যতা অর্জনের প্রত্যাশী ও দ্বীনে ইসলামের সত্যিকার দাওয়াত মানুষের নিকট পৌঁছাতে চাই যার মধ্যে কোন বিদআত, কোন গুমরাহী ও কোন সন্দেহ নেই, এসব লোক এই মুহাম্মদের নুরকে পৃথিবীর সমস্ত কোণায় কোণায় পৌঁছিয়ে দিচ্ছে।

www.dawateislami.net

আমরা আল্লাহ পাকের শোকরিয়া আদায় করছি যে তিনি আমাদেরকে শায়খ মুহাম্মদ ইলইয়াস কাদেরীর মতো ব্যক্তিত্বের দীদার দ্বারা ধন্য করেছেন। আল্লাহ পাক এই মহান ও দয়াশীল ব্যক্তিত্বকে উত্তম প্রতিদান দান করুক, আমরা আল্লাহ পাকের নিকট দোয়া করছি তিনি যেন শায়খের হায়াতে বরকত দান করেন, তাঁকে সুস্থতা ও আরোগ্যতা দ্বারা নিরাপদ রাখে, আমাদের ও অন্যান্য মুসলমানের উপর তাঁর বরকত অটল রাখুক, তাঁর শীর্ষ ও খলিফাদের বরকত দান করুক এবং এদের মাধ্যমে অর্জিত উপকার ও বরকত সারা বিশ্বে ছড়িয়ে দিন এই পর্যন্ত যে, এই নুর আল্লাহ পাকের অনুগ্রহ ও তাঁর সাহায্যে প্রতিটি হৃদয়ে, প্রতিটি বিবেকে ও প্রতিটি ঘরে পৌঁছে যাক। اٰمِين بِجَاہِ خَاتَمِ النَّبِيّٖن صَلَّى اللهُ عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلَّم (আরবি ভিডিও থেকে অনুবাদ)

ভিডিওটি দেখার জন্য এই QR কোন স্ক্যান করুন:

(২৪) চেচেনিয়ার মুফতি সালেহ মাজিদুফ مُدَّ ظِلُّهُ الْعَالِي এর পয়গাম

আমার প্রিয় ও সম্মানিত, শায়খে তরিকত মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী اَلْحَمْدُ لِلّٰه আপনার সাথে সাক্ষাতের পূর্বে থেকেই আমরা আপনাকে সম্মান করতাম ও ভালোবাসতাম, আল্লাহ পাক আপনাকে সুস্থতা, নিরাপত্তা ও আরও সম্মান ও উন্নতি দান করুক, আল্লাহ পাকের দরবারে দ্বীনে ইসলামের জন্য আপনার পরিশ্রম ও প্রচেষ্টা অবশ্যই কবুল হবে, আমাদেরকে আপনার দ্বীনি মাহফিল ও দোয়াতে অবশ্যই অবশ্যই স্মরণ

www.dawateislami.net

রাখবেন এবং আল্লাহ পাকের দরবারে আমাদেরকে ভুলে যাবেন না। আল্লাহ পাক আপনাকে আরও বরকত ও নিরাপত্তা দান করুক। (আরবি ভিডিও থেকে অনুবাদ)

ভিডিওটি দেখার জন্য এই QR কোডটি স্ক্যান করুন:

সারে দুনিয়া কে কিনারো সে সদা আনে লাগি
বন চুকা হে আশিকো কা কাফেলা সালার তু

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

(২৫) উস্তাযুল ওলামা হযরত আল্লামা মাওলানা মুফতি আব্দুল মান্নান مُدَّ ظِلُّهُ الْعَالِي

(কানযুল ঈমানের অনুবাদক, মুফতিয়ে বাংলাদেশ)

اَلْحَمْدُ لِلّٰه দাওয়াতে ইসলামীর সমস্ত কাজ আমার ভালো লাগে এবং এই ফেতনা ফ্যাসাদের যুগে এবং বেআমলীর যুগে সুন্নাত প্রচারের সংগঠন (আমীরে আহলে সুন্নাত دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه) প্রতিষ্ঠা করেছেন এর দ্বারা সুন্নী জগতের এক নতুন আশার সৃষ্টি হয়েছে। দাওয়াতে ইসলামীর সাথে সাথে লাইব্রেরীতে কিতাবের যেই ভান্ডার দেখেছি এগুলোর মাধ্যেমে اِنْ شَآءَ الله সুন্নীয়তের বিজয় হবে, এতে আমি খুবই প্রভাবিত হয়েছি এবং আল্লাহ পাকের দরবারে দোয়া করি যে, আল্লাহ পাক দাওয়াতে ইসলামীকে আরও বেশি উন্নতি দান করুক। আমিন। আমীরে দাওয়াতে ইসলামী হযরত আল্লামা মাওলানা ইলইয়াস কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর সাথে আমার

www.dawateislami.net

প্রথম সাক্ষাত দুবাইতে হয়েছিল তাঁকে দেখে আমি নিশ্চিত হয়েছি যে اَلْحَمْدُ لِلّٰه ইনি "আল্লাহ পাকের একজন ওলী"।

আল্লাহ পাকের রহমত ওলামায়ে আহলে সুন্নাতের উপর বর্ষিত হোক আর তাঁর সদকায় আমাদের বিনা হিসাবে ক্ষমা হোক। আমিন

ভিডিওটি দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللّٰهُ عَلٰى مُحَمَّد

(২৬) শায়খুল হাদিস হযরত আল্লামা মাওলানা কাযী মঈনুদ্দীন আশরাফী مُدَّ ظِلُّهُ الْعَالِي

(সুবহানিয়া আলিয়া কামিল মাদ্রাসা, চট্টগ্রাম, বাংলাদেশ)

যখন থেকে দাওয়াতে ইসলামীর ব্যাপারে আমি জানতে পেরেছি তখন থেকে আল্লাহ পাকের দরবারে শুকরিয়া আদায় করছি যে, যেই জিনিসের জন্য অনেকদিন ধরে অপেক্ষমান ছিলাম, হযরত আল্লামা মাওলানা ইলইয়াস আত্তার কাদেরী রযবী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَه এর আত্মত্যাগের মাধ্যমে পাকিস্তানের জমিনে সেই সংগঠন প্রতিষ্ঠিত হয়েছে এবং এরা আন্তর্জাতিক পদ্ধতিতে মাসলাকে আহলে সুন্নাত অনুযায়ী নেকীর দাওয়াতের কাজ অব্যাহত রেখেছে, আমি অনেক জায়গায় তাঁদের কাজসমূহ দেখেছি, প্রতিটি স্তরে মুসলমানদেরকে তারা সহীহ মাসলাকের দিকে আহবান করছে, এমন খেদমতের কোন তুলনা নেই। **(ভিডিও থেকে অনুবাদ)**

www.dawateislami.net

ভিডিওটি দেখার জন্য এই QR কোড স্ক্যান করুন:

আয় আমীরে আহলে সুন্নাত তেরি শওকত যিন্দাবাদ
তুঝ সে দুনিয়া ভর মে হে দিঁই কি ইশাআত যিন্দাবাদ
তেরে দম সে আয়ে ওহ্ দ্বীন ও শরীয়ত কি বাহার
আলা হযরত যিন্দাবাদ অউর সদরুশ শরীয়ত যিন্দাবাদ
তেরি মজলিস মে গেয়ে জো বন গেয়ে সালেহ্ সাঈদ
নওজুওয়াঁ পর হো তেরা ফয়যান সুহবত যিন্দাবাদ

صَلُّوْا عَلَى الْحَبِيْب صَلَّى اللهُ عَلٰى مُحَمَّد

www.dawateislami.net

	মুফতী শরীফুল হক আমজাদী رحمۃ اللہ علیہ	আল্লামা আরশাদুল কাদেরী رحمۃ اللہ علیہ	নাবীরায়ে আলা হযরত মান্নানী মিয়া مدظلہ العالی	
মুফতী মুহাম্মদ মতিউর রহমান মুদতার রযবী مدظلہ العالی	খাজা মুজাফফর হোসাইন সাহেব رحمۃ اللہ علیہ	মুফতী শামসুল হুদা মিসবাহী مدظلہ العالی	মুফতী মুহাম্মদ আযম রযবী مدظلہ العالی	খলিফায়ে মুফতীয়ে আযম হিন্দ মুফতী বদরুল কাদেরী رحمۃ اللہ علیہ
খলিফায়ে কুতবে মদীনা মাওলানা আব্দুস সালাম কাদেরী رحمۃ اللہ علیہ	মুফতীয়ে আযম পাকিস্তান মাওলানা ওয়াকারুদ্দীন رحمۃ اللہ علیہ	গাযালীয়ে যামান সৈয়দ আহমদ সায়্যিদ কাযেমী رحمۃ اللہ علیہ	মুফতী মুহাম্মদ ফয়েয আহমদ ওয়েসী رحمۃ اللہ علیہ	আল্লামা আবু দাউদ মুহাম্মদ সাদিক রযবী رحمۃ اللہ علیہ
শরফে মিল্লাত আব্দুল হাকিম শরফ কাদেরী رحمۃ اللہ علیہ	উস্তাযুল আসাতিযা আল্লামা মুহাম্মদ মানশা তাবিশ কাসুরী رحمۃ اللہ علیہ	মরদে হক আল্লামা শাহ তুরাবুল হক কাদেরী رحمۃ اللہ علیہ	মুফতী মুহাম্মদ নাসিম মিসবাহী مدظلہ العالی	মুফতীয়ে আযম পাকিস্তান মুহাম্মদ আব্দুল কাইয়ুম হাযারাভী رحمۃ اللہ علیہ
ফখিলাতুশ শায়খ রজব দেইব শামী رحمۃ اللہ علیہ	সৈয়দ আব্দুল আযীয আল খতিব দামেশকী مدظلہ العالی	শায়খ মাহমুদ নাসের আল হুত رحمۃ اللہ علیہ	ফখিলাতুশ শায়খ আল হাবীব সৈয়দ উমর বিন হাফিয عفیفہ اللہ	ফখিলাতুশ শায়খ আব্দুল হাদী আল হারসা দামেশক عفیفہ اللہ
	মুফতীয়ে চেচনিয়া সালেহ মাজিদ উফ مدظلہ العالی	মুফতীয়ে বাংলাদেশ মাওলানা আব্দুল মান্নান مدظلہ العالی	শায়খুল হাদীস মাওলানা কাযী মঈনুদ্দীন مدظلہ العالی	

মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাতাহ্ শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আন্দরকিল্লা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশারীপট্টি, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

পুরাতন বাবুপাড়া ফয়যানে শাহজালাল মসজিদ নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল: ০১৮৭৬৮৪৫০৩৪

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net